

# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮,৯,১০)  
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, ঢাকা-১০০০  
[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

শেখ হাসিনাই রূপকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

## কর্মী ব্যবস্থাপনা বিভাগ

স্মারক নম্বর-পসব্য/প্রশা-১৩৬/২০২৩-২০২৪/ ৪০৪৬

তারিখ: ২৩/০৪/২০২৪ ইং

জনাব মোঃ আব্দুস শহীদ খান  
সিনিয়র অফিসার ও শাখা ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক  
পূর্বধলা শাখা, নেত্রকোনা।


বিষয়ঃ অব্যাহতির আবেদনকারী জনাব মোঃ তারেক রেজা, মাঠ সহকারী, পূর্বধলা শাখা, নেত্রকোনা, পিআইএমএস-১০২৩৮ এর প্রয়োজনীয় দলিলাদি, পুনঃপুনঃ চিঠি প্রেরণ করা স্বত্বেও তা যথাযথ ভাবে প্রেরণ না করায়, সতর্কীকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

পল্লী সঞ্চয় ব্যাংক, পূর্বধলা শাখা, নেত্রকোনা এর মাঠ সহকারী জনাব মোঃ তারেক রেজা (এম-১০২৩৮) গত ২৭/০১/২০২২ তারিখে অব্যাহতর জন্য আবেদন করেছেন। কিন্তু আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করেন নি। এ ব্যাপারে গত ১৭/০১/২০২৪ ইং তারিখে পসব্য/প্রকা/প্রশা-৩১/২০২৩-২৪/২৫২৩ স্মারক মূলে ও ৩১/০৩/২০২৪ ইং তারিখে পসব্য/প্রকা/প্রশা-১৩৬/২০২৩-২৪/৩৮০৭ স্মারকমূলে উক্ত প্রয়োজনীয় ডকুমেন্ট সমূহ প্রেরণ করার জন্য ই-মেইলে পত্র প্রেরণ করা হয়। কিন্তু আপনি অদ্যাবধি প্রয়োজনীয় কাগজপত্র সঠিকভাবে প্রেরণ করেন নি। যার তালিকা নিম্নরূপঃ

১. পাসবইয়ের রিকনসিলেশন রিপোর্ট প্রেরণ করা হয় নি।
২. তিনশত টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প দুইজন সাক্ষীর স্বাক্ষর করা নাই।
৩. শাখা কর্তৃক অব্যাহতির আবেদনকারী মোঃ তারেক রেজা এর দায়দেনা নেই, এই মর্মে কোন প্রত্যয়ন প্রদান করা হয় নি।
৪. জেলার সুপারিশও অগ্রায়ন করা নেই।
৫. একমাসের মূলবেতনের সমপরিমাণ টাকা জমা প্রদানের পোষ্টিং শীটের মূলকপি নেই।
৬. দায়িত্ব পালনের অফিস আদেশ নেই।

এমতাবস্থায়, বার বার তাগাদা দেওয়া সত্বেও আবেদনপত্রটি প্রয়োজনীয় ডকুমেন্ট ব্যতীত প্রধান কার্যালয়ে প্রেরণ করায় পদত্যাগের জন্য চূড়ান্ত নিষ্পত্তি করা যাচ্ছে না। ভবিষ্যতে কাগজপত্রাদি সঠিকভাবে ও যথাসময়ে প্রেরণ করার জন্য আপনাকে সতর্ক করা হলো এবং উপরের তালিকা অনুযায়ী যে সকল কাগজপত্রাদি ঘাটতি রয়েছে তা আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ডাকযোগে অত্র কার্যালয়ে প্রেরণের জন্য আপনাকে নির্দেশনা-প্রদান করা হল।

  
(মোঃ মোজাম্মেল হাসান)  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার  
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১. জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা কার্যালয়, নেত্রকোনা।
০২. অফিস নথি/ব্যক্তিগত নথি।